## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের জানুয়ারি/২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ **২৯/০১/২৩ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১২.৩০ ঘটিকা।**

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত সরকারি বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ঘাগড়া ইউপি সভায় বলেন যে, জুলাই/২২ মাসের মাসিক সভায় উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তার কার্যালয়ের নতুন ভবনের ফ্যান ও অন্যান্য মালামাল ক্রয় বাবদ = ৫০০০০/- (পিআইসি) টাকা উন্নয়ন তহবিল থেকে ব্যয় করার জন্য অনুমোদিত হয়। উক্ত অর্থ উন্নয়ন তহবিল এর পরিবর্তে রাজস্ব তহবির থেকে ব্যয় করার সংশোধনী প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটি রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল |
| ২ | উপজেলা প্রকৌশল অফিস ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, **ইউজিডিপি প্রকল্পের ২০২০-২১ অর্থবছরের বরাদ্দ দ্বারা বাস্তবায়নের জন্য অনুমোদিত তিনটি অবকাঠামো প্রকল্পের মধ্যে একটির কাজ সম্পন্ন হওয়ায় পিএমইউর অনুমোদন সাপেক্ষে ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে এবং এক্ষণে অপর দুটি অবকাঠামো উপপ্রকল্প INF-2020-21.456152(01) ও INF-2020-21.456152(02)** এর কাজও সম্পন্ন হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নরূপ:<br>১) ময়মনসিংহ সদর উপজেলার প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার জন্য স্বাস্থ্য সম্মত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে "ময়মনসিংহ সদর উপজেলার ০৫(পাঁচ) টি প্রাথমিক বিদ্যালয়ে সাবমারসিবল পাম্প ও ০২ (দুই) টি প্রাথমিক বিদ্যালয়ে জরুরী টয়লেট স্থাপন" উপপ্রকল্প নং-আইএনএফ-২০২০-২১.৪৫৬১৫২(০১) যার ইউজিডিপি অনুমোদিত প্রাক্কলিত মূল্য ভ্যাট ও আইটিসহ = ১১,১৭,৩১৯/-(এগারো লক্ষ সতের হাজার তিনশত উনিশ) টাকা এবং সর্বমোট পরিশোধ যোগ্য বিল (ভ্যাট ও আইটিসহ) ১০,০৫,৫৮৭/= (দশ লক্ষ পাঁচ হাজার পাঁচশত সাতাশি) টাকা মাত্র এর কাজ সম্পন্ন হয়েছে এবং ২৫/০১/২০২৩ তারিখ ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স আলমগীর এন্টারপ্রাইজ, কেবি ইসমাইল রোড, সদর, ময়মনসিংহ বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সম্পূর্ণ ব্যবহার যোগ্য অবস্থায় হস্তান্তর করে বিলের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ আমার দপ্তরে প্রেরণ করেন।<br>২) উপজেলা শিক্ষা ব্যবস্থা উন্নয়নের জন্য "ময়মনসিংহ সদর উপজেলার পাঁচটি প্রাথমিক বিদ্যালয়ে ও দশটি এবতেদায়ী মাদ্রাসায় (হাই ও লো) বেঞ্চ সরবরাহ" উপপ্রকল্প নং-আইএনএফ-২০২০-২১.৪৫৬১৫২(০২) যার ইউজিডিপি অনুমোদিত প্রাক্কলিত মূল্য ভ্যাট ও আইটিসহ = ১৮,২৯,২৬৮/-(আঠারো লক্ষ উনত্রিশ হাজার দুই শত আটষট্টি) টাকা এবং সর্বমোট পরিশোধ যোগ্য বিল (ভ্যাট ও আইটিসহ) ১৬,৪৬,৩৪১/= ( ষোল লক্ষ ছয়চল্লিশ হাজার তিনশত একচল্লিশ) টাকা মাএ এর কাজ সম্পন্ন হয়েছে এবং ২৬/০১/২০২৩ তারিখ ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স আলমগীর এন্টারপ্রাইজ, কেবি ইসমাইল রোড, সদর, ময়মনসিংহ, বিদ্যালয়ে সরবরাহকৃত ২৪৩ জোড়া বেঞ্চ উপজেলা পরিষদের মাধ্যমে নির্ধারিত পাঁচ টি বিদ্যালয় ও দশটি এবতেদায়ী মাদ্রাসা কর্তৃপক্ষের কাছে সম্পূর্ণ ব্যবহার যোগ্য অবস্থায় হস্তান্তর করে চূড়ান্ত বিলের জন্য উপজেলা চেয়ারম্যান বরাবরে আবেদনপত্র দাখিল করেছেন যা উপজেলা চেয়ারম্যান মহোদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ আমার দপ্তরে প্রেরণ করেন।<br>উল্লেখিত বিল দুটি উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হলে বরাদ্দ ছাড়ের জন্য ঢাকা উইজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। সে কারণে বিলটি অনুমোদনের প্রস্তা | সভায় বিস্তারিত আলোচনান্তে "ময়মনসিংহ সদর উপজেলার (০৫) টি প্রাথমিক বিদ্যালয়ে সাবমারসিবল পাম্প ও ০২(দুই)টি প্রাথমিক বিদ্যালয়ে জরুরী টয়লেট স্থাপন" উপপ্রকল্প নং- আইএনএফ-২০২০-২১.৪৫৬১৫২(০১) এবং "ময়মনসিংহ সদর উপজেলার পাঁচটি প্রাথমিক বিদ্যালয় ও দশটি এবতেদায়ী মাদ্রাসায় বেঞ্চ( হাই ও লো) বেঞ্চ সরবরাহ" উপপ্রকল্প নং- আইএনএফ-২০২০ ২১.৪৫৬১৫২(০২) এর চূড়ান্ত বিল দুটি যথাযথ ভাবে প্রস্তত করে বরাদ্দ ছাড়ের জন্য ইউজিডিপি প্রধানকার্যালয় ঢাকাতে প্রেরণের জন্য অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল । |

| | | | |
|---|---|---|---|
| | সভায় উপস্থাপন করা হলো। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ৩ | উপজেলা কৃষি অফিস ঃ উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ /ও সংশ্লিষ্ট সকল। |
| ৫ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, নব নিযুক্ত FWA গণ ইতমধ্যে যোগদান করেছেন। সকল ইউনিয়নে চেয়ারম্যানগনকে ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটি মিটিং আহবান ও নিয়মিত মিটিং করার জন্য অনুরোধ করা হয়। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মচারী ও জন প্রতিনিধিদের পরস্পরে সহযোগিতায় সেবার পরিসর বৃদ্ধি পাবে। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা,ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, গবাদি পশু, হাঁস-মুরগির টিকা প্রদান কার্যক্রম ভালভাবে চলছে। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | উপজেলা শিক্ষা অফিস : উপজেলা শিক্ষা অফিসার সভঅয় জানান যে, ২০২৩ শিক্ষাবর্ষে সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বিনামূল্যে বই বিতরন করা হয়েছে। আন্ত : প্রাথমিক বিদ্যালয় ক্রীয়া ও সাংস্কৃতিক প্রতিযেগিতা-২০২৩ এর কর্মপরিকল্পনা মোতাবেক আগামী ০৫ ফেব্রুয়ারি হতে ০৯ ফেব্রুয়ারি ইউনিয়ন পর্যায়ে এবং ১৩ ফেব্রুয়ারি হতে ১৬ ফেব্রুয়ারি উপজেলা পর্যায়ে সুষ্ঠ ও সুন্দরভাবে প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য ইউনিয়ন চেয়ারম্যানের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া উপজেলা পর্যায়ের প্রতিযেগিতা সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সহায়তা কামনা করা হয় । তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস ঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা অধিদপ্তর ময়মনসিংহের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে ভিক্ষুক পূর্ণবাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর আওতায় ৪টি মনিহারী দোকান তৈরি করা হয়েছে সেগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়দের সহায়তায় স্থাপন করার জন্য সহযোগিতা কামনা করা হয়। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন | সভায় বিস্তারিত আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/সকল ইউপি চেয়ারম্যান ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৯ | ইসলামিক ফাউন্ডেশন ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সদর, ময়মনসিংহ সভায় জানান যে, জেলা সদর মডেল মসজিদের জন্য প্রস্তাবিত বাঘের কান্দা ঈদগাহ সংলগ্ন জায়গাটির স্কেচম্যাপ তৈরির জন্য ইসলামিক ফাউন্ডেশন এর পক্ষ থেকে উপজেলাপ নির্বাহী অফিসার মহোদয় সদর বরাবর পত্র দেয়া হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভাকে অবহিত করেন যে ঈদগাহ কমিটি যে জায়গা দান করবে তার সাথে আরও ১১ শতাংশ অধিগ্রহণ করতে হবে। যেহেতু এ মূহুর্তে অধিগ্রহনের কোন সুযোগ নাই। সেহেতু উক্ত জায়গায় মসজিদ স্থাপন করা সম্ভব হবে না। জেলা সদর মডেল মসজিদের জন্য নতুন জায়গা নির্বাচন করতে হবে। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাইন্ডেশন, ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | উপজেলা পাট অফিস ঃ উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপজেলায় চাষিদের মধ্যে যে ভিওি পাটবীজ বিতরণ করা হয়েছিল সে সকল চাষীদের নিকট থেকে ভিওি পাট বীজ ক্রয়ের জন্য ১৩০০ কেজি বীজের অনুমতি পাওয়া গেছে। প্রত্যায়িত পাটবীজ বিতরণের অগ্রীম তালিকা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যান মহোদয়দেও অনুরোধ করা হলো। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন । | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পাট কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | উপজেলা বি আর ডি বি অফিস ঃ উপজেলা বি আর ডি বি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে নীতি মালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বি আর ডি বি কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | উপজেলা পল্লী সঞ্চয়ী ব্যাংক ঃ শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় বিভাগ সভায় জানান যে, পল্লী সঞ্চয়ী ব্যাংক ময়মনসিংহ সদর শাখা, (১৯১০) এর সকল মাঠসহকারী গনকে সংশ্লিষ্ঠ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবের মাধ্যমে দায়িতৃরত মাঠসহকারী গণকে কার্যক্রমে সহযোগিতা করতে অনুরোধ জানান। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় বিভাগ,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৪ | বিবিধ আলোচনা:<br>১। উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন সকল উন্নয়ন মূলক কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। এছাড়া ভূমিহীনদের গৃহ নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কর্মকর্তাদের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প সমূহ সঠিকভাবে পরিদর্শন ও কাজের গুনগতমান তদারকি করার জন্য উপজেলা প্রকৌশলী, সদর, ময়মনসিংহকে অনুরোধ করেন। | সভার বিস্তারিত আলোচনান্তে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প সমূহ সঠিকভাবে পরিদর্শন ও কাজের গুনগতমান তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ময়মনসিংহ সদর, ময়মনসিংহ/সংশ্লিষ্ট সকল। |
| ১৫ | ২। সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন পিআইসি/টেন্ডার পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। তা আপাতত তহবিল পর্যাপ্ত অর্থ না থাকায় বিল পরিশোধ করা যাচ্ছে না। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাগণকে সঠিক ভাবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা সকল অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ |

পরিশেষে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আশরাফ হোসাইন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২২- ১৮০ (৫০) তারিখ-২৯/০১/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৭। উপজেলা.........................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৮। জনাব.......................চেয়ারম্যান.....................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
৯। জনাব..........................................................................................
১০। অফিস কপি।

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।